



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং- বামাশিবো/প্রশাসন/খুলনা-৭০/ ২০৬২/৭

তারিখঃ ২১/০৯/২০১৭খ্রিঃ

বিষয় : বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

- সূত্রঃ ১) নং- বামাশিবো/প্রশাসন/খুলনা-৭০/২০০৯/৭; তারিখঃ ২৩/০৮/২০১৬খ্রিঃ
২) নং- বামাশিবো/প্রশা/খুলনা-৭০/৮২৯; তারিখঃ ২৪/০১/২০১৬
৩) স্মারক নং- ০৫.৪৪.৪৭৩০.০০১.১৮.০১৩.১৬-৮২৮(যুক্ত); তারিখঃ ০১/০৯/২০১৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, খুলনা জেলার ডুমুরিয়া উপজেলাধীন থুকড়া ইসলামিয়া ওয়াজেদিয়া দাখিল মাদ্রাসার সুপার শেখ আঃ হান্নান (ইনডেক্স নং-৩৬৫১৮২) এর বিরুদ্ধে একই সময়ে অবৈধভাবে এ, বি, জি, কে ফাজিল মাদ্রাসা, কেশবপুর, যশোর-এ কর্মরত আছেন মর্মে জনৈক এস এম গোলাম হুরোয়ারসহ কতিপয় ব্যক্তি একখানা অভিযোগ দাখিল করেন।

উল্লিখিত অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য সূত্রে উল্লিখিত ২নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া, খুলনাকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া, খুলনা সূত্রোক্ত ৩নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেন।

প্রাপ্ত তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, সুপার শেখ আঃ হান্নান (ইনডেক্স নং-৩৬৫১৮২) এর বিরুদ্ধে একই সময়ে দুটি প্রতিষ্ঠানে চাকুরী করার অভিযোগটি প্রমানিত হয়েছে। তিনি থুকড়া ইসলামিয়া ওয়াজেদিয়া দাখিল মাদ্রাসার সুপার দাবী করেন। আবার অপরদিকে নিজেকে যশোর জেলার কেশবপুর উপজেলাধীন এ বি জে কে ফাজিল মাদ্রাসার অধ্যক্ষ হিসেবে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ২৫/০২/২০১৫ ইং তারিখের স্মারক নং- ১জি/২৪৭/বিঃ/০৮/১৪৪০/২-বিশেষ এর বিরুদ্ধে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ২৬৮০/২০১৫ দায়ের করেন।

তদন্তে প্রমানিত ও তার কর্তৃক দায়েরকৃত রিট পিটিশন নং-২৬৮০/২০১৫ এর মাধ্যমে স্বীকৃত একই সাথে দুই প্রতিষ্ঠানে চাকুরী করার কারণে তার বিরুদ্ধে কেন বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট দপ্তরে পত্র প্রেরণ করা হবে না সে বিষয়ে ১০ দিনের মধ্যে সন্তোষজনক জবাব দাখিল করার জন্য জনাব শেখ আঃ হান্নান, সুপার (ইনডেক্স নং- ৩৬৫১৮২) কে সূত্রোক্ত ১নং স্মারকে কারণ দর্শানো হয়। কিন্তু জনাব শেখ আঃ হান্নান, সুপার (ইনডেক্স নং- ৩৬৫১৮২) নির্ধারিত সময়ের মধ্যে জবাব দেননি বরং পরবর্তীতে জবাব প্রদানের জন্য ০১ মাসের সময় চেয়ে আবেদন করেছেন, যা বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের নিকট সন্তোষজনক প্রতীয়মান হয়নি।

বর্ণিত অবস্থায় একই সময়ে দুইটি প্রতিষ্ঠানে কর্মরত থাকা, সরকারি দপ্তরের বিরুদ্ধে মামলা দায়ের করা এবং বোর্ড কর্তৃক প্রদত্ত সময়ের মধ্যে জবাব প্রদান করাসহ জনাব শেখ আঃ হান্নান, সুপার (ইনডেক্স নং- ৩৬৫১৮২) এহেন কার্যকলাপ বেসরকারি মাদ্রাসা শিক্ষকের চাকরিবিধি- ১৯৭৯ এর পরিপন্থী হওয়ায় তার বিরুদ্ধে বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক ০৫ (৫) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মাজবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬১২৮৫৮

- প্রাপকঃ ১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২) পরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), নিলক্ষেত, ঢাকা।
৩) সভাপতি, এ, বি, জি, কে ফাজিল মাদ্রাসা, কেশবপুর, যশোর।
৪) সভাপতি, থুকড়া ইসলামিয়া ওয়াজেদিয়া দাখিল মাদ্রাসা, ডুমুরিয়া, খুলনা।

নং- বামাশিবো/প্রশাসন/খুলনা-৭০/ ২০৬২/৭

তারিখঃ ২১/০৯/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :-

১. উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া, খুলনা।
২. জেলা শিক্ষা অফিসার, খুলনা।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ডুমুরিয়া, খুলনা।
৪. জনাব এস এম গোলাম হুরোয়ার, পিতা- মৃত আনহার আলী সরদার, সাং- থুকড়া, ডুমুরিয়া, খুলনা।
৫. জনাব শেখ আঃ হান্নান, সুপার (ইনডেক্স নং-৩৬৫১৮২), থুকড়া ইসলামিয়া ওয়াজেদিয়া দাখিল মাদ্রাসা, ডুমুরিয়া, খুলনা।
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মাজবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬৭৪৮৭৪